# আওয়ামী লীগের বিচার নিশ্চিত করতে হবে: নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

দেশে ভবিষ্যতে আর কেউ যেন স্বৈরাচার হয়ে উঠতে না পারে, সে জন্য আওয়ামী লীগের বিচার নিশ্চিত করার দাবি জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম। তিনি বলেন, শেখ হাসিনা আর ফিরে আসবেন না। ফিরে এলেও তার জন্য আইনি বিচার অপেক্ষা করছে।

রোববার (১৯ জুলাই) রাতে রাজধানীর উত্তরার শহীদ মীর মুগ্ধ মঞ্চে জুলাই শহীদদের স্মরণে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

নাহিদ ইসলাম বলেন, আওয়ামী লীগকে পুনর্বাসনের কোনো সুযোগ নেই। জুলাইয়ের পক্ষে থাকা রাজনৈতিক দলগুলোর মত ও পথ আলাদা হতে পারে, কিন্তু জুলাইয়ের প্রশ্নে সবাইকে একই অবস্থানে থাকতে হবে।

তিনি অভিযোগ করেন, বিএনপি সংবিধান সংস্কার কমিটি গঠন করেনি। সংশোধন কমিটির মাধ্যমে জনগণকে বিভ্রান্ত করা হচ্ছে। গণভোটে জনগণের দেওয়া রায় দ্রুত বাস্তবায়নেরও আহ্বান জানান তিনি।

LENS ASIA

এনসিপির আহ্বায়ক আরও বলেন, সরকারের একজন প্রতিমন্ত্রী নিজের পরিবারের নামে প্রায় ৪০ কোটি টাকার টেন্ডার নিয়েছেন, যা জুলাই আন্দোলনের আকাঙ্ক্ষার পরিপন্থী।

জুলাই আন্দোলনে সংঘটিত হত্যাকাণ্ডের প্রসঙ্গ তুলে নাহিদ ইসলাম বলেন, ওই ঘটনার কথা মাথায় রেখে স্বরাষ্ট্রমন্ত্রীর দায়িত্বশীল বক্তব্য দেওয়া উচিত।